সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৫/১৯৭ | ২৫ সেপ্টেম্বর, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ Customs Bond Management System (CBMS) সফটওয়্যার এর মাধ্যমে বন্ড লাইসেন্স গ্রহনসহ বন্ডিং সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা (উত্তর), ঢাকা এর স্মারক নং ০৮.০১.২৬৫৩.০২৮.০৬.০০১.২০২৩.৬৮৫২(১), তারিখঃ ০৯/০৯/২০২৫।
(খ) বিজিএমইএ'র সার্কুলার নং বিজিএ/কাস/২০২৫/১৮৮, তারিখঃ ১৫/০৯/২০২৫।

আপনারা সকলে অবগত আছেন যে, ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের তথ্য ২০/০৯/২০২৫ইং তারিখের মধ্যে CBMS সফটওয়্যারে নিশ্চিতকরণ এবং উক্ত তারিখের পর হতে বন্ডিং সংক্রান্ত কোন সেবা ম্যানুয়ালী প্রদান করা যাবে না মর্মে উল্লেখ করে জাতীয় রাজস্ব বোর্ড হতে নির্দেশনা প্রদান করা হয়েছে যা ইতোপূর্বে সূত্রোক্ত 'খ' সার্কুলারের মাধ্যমে আপনাদেরকে জানানো হয়েছে।

গত ২৩/০৯/২০২৫ইং তারিখে কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট (উত্তর), ঢাকা'র সাথে জনাব ফয়সাল সামাদ, পরিচালক বিজিএমইএ এর নেতৃত্বে বিজিএমইএ এর প্রতিনিধি দল সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাতকালে কমিশনার মহোদয় বিজিএমইএ'র সকল সচল ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানকে CBMS সফটওয়্যারে সংযুক্ত হয়ে কার্যক্রম সম্পাদনের জন্য বিশেষভাবে অনুরোধ করেন। এছাড়াও অবগত করেন যে ম্যানুয়ালী সকল কার্যক্রম বন্ধ করার জন্য সরকারের উচ্চ পর্যায় থেকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

নিরীক্ষা সময়কালের সকল তথ্য CBMS সফটওয়্যারে অন্তর্ভুক্ত করা হলে আপনারা খুব সহজেই পেপারলেস নিরীক্ষা সম্পন্ন করতে পারবেন। বন্ড লাইসেন্স গ্রহনসহ বন্ড সংক্রান্ত সেবা CBMS এর মাধ্যমে নেয়া হলে বিজিএমইএ'র সদস্যরাই উপকৃত হবেন এবং সময় ও ব্যয় সাশ্রয় হবে।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে সূত্রোক্ত নির্দেশনা এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো এবং অতি দ্রুত CBMS সফটওয়্যারের সাথে যুক্ত হয়ে সকল কার্যক্রম সম্পাদনের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

**বিষয়টি অতীব জরুরী।**

ধন্যবাদান্তে,

২৫/৯/২৫

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
ভারপ্রাপ্ত সচিব

Shahinur-customs

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা (উত্তর), ঢাকা
প্লট নং-০২, গরীব-ই-নেওয়াজ এভিনিউ
সেক্টর-১৩, উত্তরা, ঢাকা।
www.dnbc.gov.bd

নথি নং-০৮.০১.২৬৫৩.০২৮.০৬.০০১.২০২৩. ৬৮৫২(৭) তারিখ: ০৭/০৯/২০২৫ খ্রি.

বিষয়: Customs Bond Management System (CBMS)-এর মাধ্যমে বন্ড লাইসেন্স গ্রহণসহ বন্ডিং সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন।

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের পত্র স্মারক নং- ০৮.০১.০০০০.০৫৬.১৫.০০০১.১৯/৩০৭, তারিখ: ০৮/০৯/২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। আগামী ২০ সেপ্টেম্বর, ২০২৫ তারিখের মধ্যে CBMS (Customs Bond Management System) এ সকল সচল ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের তথ্য এন্ট্রি নিশ্চিতকরণ এবং প্রতি সপ্তাহে এ সংক্রান্ত গৃহীত কার্যক্রমের হালনাগাদ তথ্য জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করার জন্য সূত্রোক্ত পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, আগামী ২০ সেপ্টেম্বর, ২০২৫ এর মধ্যে আপনার এসোসিয়েশনভূক্ত সকল বন্ডেড প্রতিষ্ঠানকে Customs Bond Management System (CBMS) সফটওয়্যারে Onboard সম্পন্নকরণ সহ Customs Bond Management System (CBMS) সফটওয়্যারের মডিউলসমূহ ব্যবহার করে বন্ডিং সংক্রান্ত সকল কার্যক্রম Online এ সম্পাদন করার বিষয়ে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য উক্ত তারিখের পরে বন্ডিং সংক্রান্ত কোন সেবা ম্যানুয়ালি প্রদান না করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড থেকে সূত্রীয় পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৭/০৯/২০২৫
(মোঃ আবুল কাশেম)
ডেপুটি কমিশনার
কমিশনারের পক্ষে
ফোন: ০২-২২৪৪৭১২০২

প্রাপক:

১। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স হাউস-৭/৭ এ, সেক্টর-১৭, ব্লক এইচ-১, উত্তরা, ঢাকা;

২। সভাপতি, বিকেএমইএ, বিকেএমইএ ভবন, ৫৩-৫৪ নবাব সলিমউল্লা রোড, চাষাড়া, নারায়ণগঞ্জ-১৪৫২;

৩। সভাপতি/প্রশাসক, বিজিএপিএমইএ, বেলকুচি হাউস, ২৭৩/৩, পশ্চিম মানিকদি (৩য় তলা), ইসিবি চত্তর, মিরপুর, ঢাকা ক্যান্টনম্যান্ট, ঢাকা;

৪। সভাপতি, এলএফএমইএবি, টিএ ৯৪/বি (১ম ও ২য় তলা), মধ্যবাড্ডা, গুশলান লিংক রোড, ঢাকা;

Shahinur

সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৫/ ৯৮৮

১৫ সেপ্টেম্বর, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ **Customs Bond Management System (CBMS)** সফটওয়্যার এর মাধ্যমে বন্ড লাইসেন্স গ্রহণসহ বন্ডিং সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন প্রসঙ্গে।

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং ০৮.০১.০০০০.০৫৬.১৫.০০১.১৯/৩০৭, তারিখঃ ০৮/০৯/২০২৫।

সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সকল সচল ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের তথ্য আগামী ২০/০৯/২০২৫ইং তারিখের মধ্যে CBMS সফটওয়্যারে নিশ্চিতকরণ এবং উক্ত তারিখের পর হতে বন্ডিং সংক্রান্ত কোন সেবা ম্যানুয়ালী প্রদান যাবে না মর্মে উল্লেখ করে জাতীয় রাজস্ব বোর্ড হতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো এবং উল্লেখিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পাদনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

ধন্যবাদান্তে,

১৫/৯/২৫

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
ভারপ্রাপ্ত সচিব

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।

**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.১৫.০০১.১৯/ ৬০৭ তারিখ: ০৮-০৯-২০২৫ খ্রি:।

**বিষয়: CBMS (Customs Bond Management System) এর মাধ্যমে বন্ড লাইসেন্স গ্রহণসহ বন্ডিং সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সকল সচল ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের তথ্য আগামী ২০ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. তারিখের মধ্যে CBMS এ এন্ট্রি নিশ্চিত করতে হবে। প্রতি সপ্তাহে এ সংক্রান্ত গৃহীত কার্যক্রমের হালনাগাদ তথ্য জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করতে হবে। উক্ত তারিখের পর বন্ডিং সংক্রান্ত কোন সেবা ম্যানুয়ালি প্রদান করা যাবে না।

০২। এমতাবস্থায়, এ সংশ্লিষ্ট তথ্য/দলিলাদি আগামী ২০ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. তারিখের মধ্যে বন্ড সিস্টেমে (CBMS) এন্ট্রি দেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৮/০৯/২০২৫

**[সুরাইয়া সুলতানা]**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল: ssbondnbr@gmail.com

**প্রাপক:**

কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট
ঢাকা (উত্তর/দক্ষিণ)/ চট্টগ্রাম।

নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.১৫.০০১.১৯/ ৬০৭ তারিখ: ০৮-০৯-২০২৫ খ্রি:।

**অনুলিপি; সদয় অবগতির জন্য:**

১। সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। সিস্টেম ম্যানেজার (চঃ দাঃ), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩-৪। অফিস কপি/ গার্ড কপি।

০৮/০৯/২০২৫

**[সুরাইয়া সুলতানা]**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

০/৫